তারিখ ... 0-6-APR 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

দৈনিক ইত্তেফাক

# পরীক্ষার হলে ভিন্ন প্রশ্নপত্র বিলি

(ইত্তেফাক রিপোর্ট)

পাঁচ দিন পরে অনুষ্ঠিতব্য পরীক্ষার প্রশ্নপত্র আগাম বিলি করিয়া ফেলায় বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারু কলা ইনষ্টিটিউটের এমএফএ প্রথম পর্বের পরীক্ষা অনুষ্ঠিত হইতে পারে নাই। পরীক্ষা সূচী অনুসারে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার হলে

( ১ম পৃঃ পর )

বৃহস্পতিবার এই পরীক্ষায় দক্ষিণ এশীয় শিল্পকলার ইতিহাস বিষয় অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু হলে, ৯ মার্চ অনুষ্ঠিতব্য পাশ্চাত্য শিল্পকলার ইতিহাস বিষয়ের প্রশ্নপত্র বিতরণ করা হইলে ছাত্র-ছাত্রীরা প্রথমে হতবাক এবং পরে অবাক হয়। তখন ইনষ্টিটিউট কর্তৃপক্ষ পরীক্ষা বাতিল ঘোষণা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক আগাম প্রশ্নপত্র বিতরণ হওয়ার ঘটনা স্বীকার করিয়া বলেন, ঐদিন বিশ্ববিদ্যালয়ের পরিদর্শক দল ইনষ্টিটিউট হইতে ফিরিয়া আসিয়া তাহাকে এ ঘটনা অবহিত করিয়াছেন। কিন্তু ইনষ্টিটিউট কর্তৃপক্ষ এখন পর্যন্ত লিখিতভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করেন নাই। বাতিল হওয়া পরীক্ষাটি কবে অনুষ্ঠিত হইবে উহাও পরীক্ষা নিয়ন্ত্রক জানাইতে পারেন নাই।

চারুকলা ইনষ্টিটিউটের কিছু ছাত্রের অভিযোগ, গত ৩০ মার্চ অনুষ্ঠিত নন্দনতত্ত্ব বিষয়ের প্রশ্ন সাজেশন আকারে প্রায় হুবহু ২৭ মার্চ কোন কোন ছাত্রকে জানাইয়া দেওয়া হয়।